

# 🔳 আল-লাইল | Al-Lail | ٱللَّيْل

আয়াতঃ ৯২ : ১৩

### আরবি মূল আয়াত:

# وَ إِنَّ لَنَا لَلاَخِرَةَ وَ الأُولَى ﴿١٣﴾

#### 

আর অবশ্যই আমার অধিকারে পরকাল ও ইহকাল। — আল-বায়ান আর পরকাল ও ইহকালের একমাত্র মালিক আমি। — তাইসিরুল আমিই মালিক পরলোকের ও ইহলোকের। — মুজিবুর রহমান

And indeed, to Us belongs the Hereafter and the first [life]. — Sahih International

#### ১৩. আর আমরাই তো মালিক আখেরাতের ও প্রথমটির (দুনিয়ার)।(১)

(১) এ বক্তব্যটির অর্থ, দুনিয়া ও আখেরাত উভয় জাহানের মালিক আল্লাহ তা'আলাই। উভয় জাহানেই আল্লাহ্ তা'আলার পূর্ণ মালিকানা ও ক্ষমতা প্রতিষ্ঠিত। তিনি যাকে ইচ্ছা সৎপথ প্রদর্শন করে দুনিয়া ও আখিরাতে সাফল্য প্রদান করেন, আর যাকে ইচ্ছা তিনি সৎপথ থেকে বঞ্চিত করেন। তাই একমাত্র তারই নিকটে হওয়া উচিৎ সকলের চাওয়া-পাওয়া, অন্য কোন সৃষ্টির নিকট নয়। [তাবারী, সা'দী]

তাফসীরে জাকারিয়া

## ১৩। আর ইহকাল ও পরকালের কর্তৃত্ব আমারই। [1]

[1] অর্থাৎ, উভয়ের মালিক আমিই। আমি যেভাবে চাই, সেভাবেই উভয়কে পরিচালনা করি। এই জন্য উভয়ের কিংবা তার একটির প্রার্থী যেন আমারই নিকট প্রার্থনা করে। কেননা, প্রত্যেক প্রার্থনাকারীকে আমিই আমার ইচ্ছানুযায়ী দান করে থাকি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6071

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন